120

দৈনিক বাংলা

তারিখ 11 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৬

# ঢাকা ভার্সিটির বিভিন্ন হলে আবার গোলাগুলি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুটি ছাত্র সংগঠনের মধ্যে গতকাল রাতে আবার ভয়াবহ বন্দুক যুদ্ধ শুরু হয়েছে। রাত দশটায় শেষ খবর পাওয়া পর্যন্ত দুপক্ষের মধ্যে গোলাগুলি চলছিল।

নীলক্ষেত পুলিশ ফাঁড়ি থেকে কর্তব্যরত একজন পুলিশ কর্মকর্তা জানান, রাত সাড়ে সাতটায় জহুরুল হক হল ও মুহসীন হল থেকে গুলি-বর্ষণ শুরু হয়। জহুরুল হক হল থেকে ছাত্র লীগ (শা-অ) কর্মীরা এবং মুহসীন হল থেকে ছাত্রদল কর্মীরা পরস্পরের দিকে গুলিবর্ষণ শুরু করে। রাত দশটা পর্যন্ত দুপক্ষের শতাধিক রাউন্ড গুলি বিনিময় হয় বলেও তিনি জানান।

বিভিন্ন সূত্রে জানা গেছে, ক্যাম্পাসে চরম আতংকজনক অবস্থা বিরাজ করছে। গুলির শব্দে আতংকিত অনেক ছাত্র হল ছেড়ে বেরিয়ে আসে। অনেক ছাত্র গোলাগুলির মধ্যে হলের বাইরে আটকা পড়ে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(প্রথম পৃঃ পর)

শেষ খবর পাওয়া পর্যন্ত দুপক্ষের মধ্যে বিক্ষিপ্তভাবে গোলাগুলি চলছিল। সলিমুল্লাহ হল, জগন্নাথ হল, সূর্যসেন হল ও জিয়াউর রহমান হল থেকেও গুলিবর্ষণের শব্দ পাওয়া গেছে। হতাহতের কোন খবর পাওয়া যায়নি।

বিভিন্ন সূত্রে জানা গেছে, গতকাল সকালে ঢাকা ডেন্টাল কলেজে ছাত্রলীগ (শা-অ) ও জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষের খবরে ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হয়। দুপুরে কলাভবনের পেছনে মিজানুর রহমান মিজান নামে একজন ছাত্রদল কর্মী প্রহৃত হওয়ার পর উত্তেজনা আরও বৃদ্ধি পায়।